

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০০৯.২০২২. ৩৭

তারিখ: ১৬ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ  
৩০ জানুয়ারি ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, ড. মো. রায়হান ইসলাম (১৪১৩১), সহযোগী অধ্যাপক (অর্থনীতি), সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া গত ০১/০৬/২০২১ খ্রি. হতে ৩০/০১/২০২২ খ্রিস্টাব্দ পর্যন্ত ০৭ (সাত) মাস ৩০ (ত্রিশ) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৬/০৬/২০২২ খ্রিস্টাব্দে এ বিষয়ে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা করে তাকে অর্ধগড় বেতনে ছুটি হিসেবে গণ্য করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, ড. মো. রায়হান ইসলাম (১৪১৩১), সহযোগী অধ্যাপক (অর্থনীতি), সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া এর অননুমোদিত অনুপস্থিতিকাল ০১/০৬/২০২১ খ্রি. হতে ৩০/০১/২০২২ খ্রিস্টাব্দ পর্যন্ত ০৭ (সাত) মাস ৩০ (ত্রিশ) দিন অর্ধগড় বেতনে ছুটি হিসেবে গণ্য করে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
স্বাক্ষরিত/-  
১৯/০১/২০২৩  
(সোলেমান খান)  
সচিব

নম্বর- ৩৭.০০.০০০০.৯৫.২৭.০০৯.২০২২. ৩৭/২৭

তারিখ: ১৬ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ  
৩০ জানুয়ারি ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ড. মো. রায়হান ইসলাম এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ, সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।
- ৩। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপসচিব (কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, বগুড়া।
- ৭। ড. মো. রায়হান ইসলাম (১৪১৩১), সহযোগী অধ্যাপক (অর্থনীতি), সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

৩০/০১/২০২৩  
(আবু সাঈদ মো: ফজলে এলাহী)  
উপসচিব  
ফোন: ২২২৩৩৫৪২৬৫